

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির সামনে দিয়ে গমন করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْمُرُورِ بَيْنَ يَدَيِ الْمُصلِّي

আরবী

2361 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانٍ قَالَ: حَدَّتَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكُ عَنْ زَيْد بْنِ أَسْلَمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ, عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وَسَلَّمَ قَالَ: (إِذَا كَانَ أَحَدُكُمْ يُصلِّي فَلَا يدع أحد يَمُرُّ بَيْنَ يَدَيْهِ ولْيَدْرَأُهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبِي فَلْيُقَاتِلْهُ فَإِنما هو شيطان) الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 12361 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 2361 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

২৩৬১. আবৃ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাত আদায় করবে, তখন তার সামনে দিয়ে কাউকে অতিক্রম করার জন্য ছাড় দিবে না বরং সে সাধ্যমত তাকে প্রতিহত করবে। যদি সে অস্বীকৃতি জানায় তবে তার সাথে লড়াই করবে। কেননা সে একটা শয়তান।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৫৪; মুসনাদ আহমাদ: ৩/৩৪; দারেমী: ১/৩২৮; সহীহ মুসলিম: ৫০৫; আবূ দাউদ: ৬৯৭; নাসাঈ: ২/৬৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৬০; ইবনুল জারূদ: ১৬৭; আবূ আওয়ানা: ২/৪৩; সুনান বাইহাকী: ২/২৬৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৮১৬; আবূ ইয়ালা: ১২৪৮; সহীহ আল বুখারী: ৫০৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৮০৮; সুনান বাইহাকী: ২/২৬৮; নাসাঈ: ৮/৬১।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন